

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-১৯৭(আগরতলা, ২৯।৫)

ধর্মনগর, ২৯ মে, ২০১৯

স্বচ্ছ ভারত মিশন প্রকল্পে উত্তর জেলায় ১৪,৯৯৬ পরিবারকে শৌচালয়

স্বচ্ছ ভারত মিশন গ্রামীণ প্রকল্প ও অন্যান্য প্রকল্পে উত্তর ত্রিপুরা জেলার ৮টি ব্লক এলাকার ১৪ হাজার ৯৯৬টি দারিদ্রসীমার উপরে বসবাসকারী পরিবারকে সরকারি খরচে শৌচালয় নির্মাণ করে দেওয়া হয়েছে। ২০১২ সালের বেইস লাইন সার্ভে অনুযায়ী এই কাজ হয়েছে। প্রতিটি শৌচালয় নির্মাণে ব্যয় হয়েছে ১২ হাজার টাকা। এই কাজে মোট ব্যয় হয়েছে ১৫ কোটি ৬০ হাজার টাকা। এই প্রকল্পে জেলার দামছড়া ব্লকে ৬০৯টি, দশদা ব্লকে ৩ হাজার ৬৪০টি, লালজুরি ব্লকে ২ হাজার ৪৭টি, জম্পুইহিল ব্লকে ৪৭৪টি, পানিসাগর ব্লকে ২ হাজার ৪৩২টি, যুবরাজনগর ব্লকে ২ হাজার ৫৯৮টি, কালাছড়া ব্লকে ১ হাজার ৭৮৬টি এবং কদমতলা ব্লক এলাকায় ১ হাজার ৪১০টি শৌচালয় নির্মাণ করা হয়েছে। উত্তর ত্রিপুরা জেলা স্বচ্ছ ভারত মিশন ম্যানেজমেন্ট কমিটির পক্ষ থেকে এই সংবাদ জানানো হয়েছে।
